কোটচাঁদপুরে রেললাইনের পাশ থেকে অজ্ঞাত ব্যক্তির লাশ উদ্ধার

ঝিনাইদহের কোটচাঁদপুরের সাফদারপুর রেল স্টেশন সংলগ্ন মিনেজ পাড়া এলাকায় ট্রেনে কাটা পড়ে এক ব্যক্তির মৃত্যু হয়েছে।

আজ বুধবার সকালে তার মৃতদেহ পাওয়া যায়। তবে ওই ব্যক্তির নাম পরিচয় পাওয়া যায়নি। তার বয়স আনুমানিক ৪৫ বছর।

সাফদারপুর রেল স্টেশনের মাস্টার রিপন আলী জানান, সকালে খুলনা থেকে ছেড়ে আসা গোয়ালন্দগামী নকশিকাথা ট্রেনের চালক জানায় স্টেশনের কিছুদুর আগেই একটি মৃতদেহ পড়ে আছে। পরে মিনেজপাড়া নামকস্থানে গিয়ে মাথা থেকে দেহ আলাদা অবস্থায় পাওয়া যায়। হয়তো রাতের কোন এক সময় ট্রেনে কাটা পড়ে তার মৃত্যু হতে পারে।

এ ব্যাপারে মৃতদেহ উদ্ধারের জন্য জিআরপি পুলিশকে খবর দেওয়া হয়েছে। তারা এসে পরবর্তি আইনগত ব্যবস্থা গ্রহন করবেন।

ঝিনাইদহে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালিত

‘তথ্যের অবাধ প্রবাহে ইন্টারনেটের গুরুত্ব’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালিত হয়েছে।

জেলা প্রশাসন ও টিআইবি’র আয়োজনে আজ বুধবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে জেলা শিল্পকলা একাডেমীতে গিয়ে শেষ হয়। পরে শিল্পকলা একাডেমী মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়।

এতে জেলা প্রশাসক এসএম রফিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার ইমরান

জাকারিয়া, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রথীন্দ্রনাথ রায়, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) খালিদ হাসান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিন, জেলা টিআইবি’র সভাপতি এম সাইফুল মাবুদসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, তথ্য অধিকার নিশ্চিত করতে ও তথ্য প্রাপ্তি সহজলভ্য করতে ইন্টারনেটের মাধ্যমে তথ্য সরবরাহের পরামর্শ দেন।

ঝিনাইদহে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সংবাদ সম্মেলন

ঝিনাইদহে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি বিভিন্ন দাবিতে সংবাদ সম্মেলন করেছে।

গতকাল মঙ্গলবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাব মিলিনায়তনে বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের শিক্ষকদের ক্যাডার কম্পোজিশনের সুরক্ষা, পদোন্নতি, পদসৃজন, স্কেল আপগ্রেডেশন ও আন্তঃক্যাডার বৈষম্য নিরসনসহ বিভিন্ন দাবি দাওয়া আদায়ে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। তাদের দাবি আদায় না হলে আগামী ২ অক্টোবর সারা দেশে একদিনের কর্মবিরতি পালন করবেন। এরপরও তাদের দাবি মানা না হলে ১০, ১১ ও ১২ অক্টোবর টানা তিন দিনের কর্মবিরতি পালন করা হবে।

এ কর্মসুচিতে সারাদেশে সকল সরকারি কলেজ, মাদ্রাসাসহ সকল দপ্তর ও অধিদপ্তরে কর্মরত শিক্ষা ক্যাডাররা অংশগ্রহণ করবেন বলে সংবাদ সম্মেলনে ঘোষণা দেওয়া হয়।

সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন, বিসিএস সাধারণ শিক্ষা সমিতি ঝিনাইদহ জেলা ইউনিটের সভাপতি সরকারী কেশব চন্দ্র কলেজের অধ্যক্ষ প্রফেসর অশোক কুমার মৌলিক, সহ-সভাপতি সহযোগী অধ্যাপক মিজানুর রহমান, যুগ্ম সম্পাদক সহযোগী অধ্যাপক মাসুদ ইসলাম, সহযোগি অধ্যাপক প্রদীপ চক্রবর্তী, সহকারী অধ্যাপক আবু তাহের, কেন্দ্রীয় নেতা সহকারী অধ্যাপক ইমরান আলী। সংবাদ সম্মেলনে সাধারণ শিক্ষা

ক্যাডারের প্রায় ৭০-৮০ জন শিক্ষক উপস্থিত ছিলেন।

প্রেমিকের সঙ্গে পালানোর অপরাধে ঝিনাইদহে এক নারীর কারাদন্ড

স্বামী ও সন্তান ফেলে রেখে চাচাতো ভাইয়ের ভাইয়ের হাত ধরে পালিয়ে যাওয়ার অপরাধে, সুমি খাতুন নামে এক নারীর এক বছর কারাদন্ড নগদ ৫ হাজার টাকা জরিমানা করেছে ঝিনাইদহের একটি বিচারিক আদালত।

গতকাল মঙ্গলবার ঝিনাইদহ সিনিয়র জুডিসিয়াল আদালতের বিচারক রুমানা আফরোজ এই রায় দেন।

বাদী পক্ষের আইনজীবী এ্যাড.শহিদুল ইসলাম জানান, ৯ বছর আগে ঝিনাইদহের দক্ষিণ কাস্টসাগরা গ্রামের সুমি খাতুনের সঙ্গে কালীগঞ্জ উপজেলার পারখিদ্দা গ্রামের আব্দুর রাজ্জাকের বিয়ে হয়।

সংসার করা অবস্থায় সুমি খাতুন চাচাতো ভাই সজিবের সঙ্গে পরকীয়া সম্পর্ক গড়ে তোলে এবং ২০২১ সালের ২৭ সেপ্টম্বর তার হাত ধরে পালিয়ে যায়। ওই বছরের ২১ ডিসেম্বর সুমি ও তার পরকীয়া প্রেমিক সজিবের বিরুদ্ধে ৪৯৪ ধারায় মামলা করেন আব্দুর রাজ্জাক।

বিজ্ঞ আদালত সাক্ষ্য প্রমানের ভিত্তিতে মঙ্গলবার সুমি খাতুনকে এক বছর কারাদন্ড ও ৫ হাজার টাকা জরিমানা করেন। অনাদায়ে আরো তিন মাসের কারাদন্ডের আদেশ দেন। সুমির প্রেমিক সজিবকে আদালত বেকসুর খালাস দেন।

“সরকারের সব অস্ত্র ভোঁতা হয়ে গেছে”- মির্জা আব্বাস

বিএনপির স্থায়ী কমিটির সদস্য মীর্জা আব্বাস বলেছেন,সরকারের সব অস্ত্র ভোঁতা হয়ে গেছে। দেশের মানুষ আন্দোলন-সংগ্রাম আর নিজেদের দাবি আদায় করতে শিখে গেছে। এখন আর হামলা-মামলায় কারও কোনো ভয় নেই। শেখ হাসিনার অবৈধ সরকারকে ক্ষমতা ছাড়তেই হবে।

মির্জা আব্বাস মঙ্গলবার ঝিনাইদহ শহরের কেন্দ্রীয় বাস টার্মিনালে খুলনা অভিমুখে রোডমার্চ উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। তিনি বলেন, এই অনুষ্ঠানে পৌছাতে আমাকে আড়াই কিলোমিটার জনসমুদ্র পাড়ি দিতে হয়েছে। দেখে মনে হয়েছে আমরা প্রাক বিজয় উৎসব পালন করছি। তিনি বলেন সারা দেশের মানুষ আজ আবেগতাড়িত, উদ্বেলিত। অন্যদিকে দেশনেত্রী খালেদা জিয়ার স্বাস্থ্য নিয়ে বেদনাহত।

মির্জা আব্বাস বলেন, কিছুদিন আগে আমি বেগম খালেদা জিয়ার সঙ্গে দেখা করেছি। তাঁকে জিজ্ঞাসা করলাম ম্যাডাম কিছু বলবেন? উনি মাথা নাড়লেন, কিন্তু কোন কথা বললেন না। আমি তার চোখের দিকে তাকালাম। তার চাহনিতে অব্যক্ত ভাষা। তিনি হয়তো এটাই বলতে চেয়েছিলেন, তোমরা আমার জন্য কি করেছ। আমি কি দেশের গনতন্ত্র, দেশের মানুষ ও রাষ্ট্রের জন্য কিছইু করিনি?

মীর্জা আব্বাস বলেন আমি ম্যাডামকে বলে এসেছি সারা দেশের মানুষ আজ আপনার জন্য চিন্তিত। আপনি বাংলাদেশের জন্য আপনি যা করেছেন তা মানুষ ভুলবে না। মুর্হুমুহু করতালী ও শ্লোগানের মধ্য দিয়ে মীর্জা আব্বাস বলেন, দেশনেত্রীকে মুক্ত করতে এই সরকারকে বাধ্য করা হবে। একদফার আন্দোলন চুড়ান্ত করেই দেশের মানুষ ঘরে ফিরবে ইনশাল্লাহ।

ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি এ্যাড এম এ মজিদের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনার সঞ্চালনায় রোডমার্চের উদ্বোধনী সমাবেশে কেন্দ্রীয় বিএনপির ভাইস চেয়ারম্যান বরকত উল্লাহ বুলু, বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু, ভাইস চেয়ারম্যান এ্যাডভোকেট নিতাই রায় চৌধুরী, চেয়ারপার্সনের উপদেষ্টা সৈয়দ মেহদী আহম্মেদ রুমী, বিএনপির ভারপ্রাপ্ত সাংগঠনিক

সম্পাদ (খুলনা) অনিন্দ্য ইসলাম অমিত, স্থানীয় সরকার বিষয়ক সম্পাদক অধ্যক্ষ সোহরাব উদ্দীন, বিএনপির তথ্য বিষয়ক সম্পাদক আজিজুল বারী হেলাল, কেন্দ্রীয় যুবদলের সভাপতি সুলতান সালাহ উদ্দীন টুকু, কেন্দ্রীয় ছাত্র বিষয়ক সম্পাদক রকিবুল ইসলাম বকুল, মানবাধিকার বিষয়ক সম্পাদক এ্যাড আসাদুজ্জামান ও বিএনপির কেন্দ্রীয় সহ-সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু, মেহেরপুরের মাসুদ অরুন, চুয়াডাঙ্গার মাহবুব হাসান খান বাবু, শরিফুজ্জামানসহ জেলা ও উপজেলার বিএনপি নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

মির্জা আব্বাস আরও বলেন, দেশ দেউলিয়া হবার পথে। অর্থনীতি খারাপ। ডলারের রিজার্ভ শুণ্যের কোঠায় ঠেকেছে। ১৫ বছর দেশে সীমাহীন লুটাপাট চলেছে। পিকে হালদারসহ অনেক রাঘববোয়াল হাজার হাজার কোটি টাকা পাচার করেছে। ফলে ব্যাংকগুলোতে খেলাপি ঋনের পরিমান দাড়িয়েছে ১০৯ হাজার কোটি টাকা। আমরা এই চুরিদারীর প্রতিবাদ করলে জেলে পাঠানো হচ্ছে। তিনি বলেন সময় মতো এসব চোরদের বিচার করা হবে।

বিএনপির খুলনা অভিমুখে রোডমার্চকে ঘিরে কেন্দ্রীয় নেতাদের মিলন মেলায় পরিণত হয়েছিল ঝিনাইদহ। সর্বত্রই উচ্ছাস আর আড়ম্বর পরিবেশ লক্ষ্য করা যায়। বিশেষ করে ঝিনাইদহ ছাড়াও কুষ্টিয়া, মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলার বিএনপির নেতাকর্মীদের মাঝে আজকের রোডমার্চকে ঘিরে প্রানচাঞ্চল্য ফিরে আসে। কেন্দ্রীয় ও বাইরের নেতাকর্মীদের বরণ করতে ঝিনাইদহ জেলা বিএনপি জমকালো অনুষ্ঠানের আয়োজন করে। রোডমার্চের উদ্বোধণী অনুষ্ঠান স্মরনীয় করতে ঝিনাইদহ শহরের কেন্দ্রীয় বাসটার্মিনাল সাজানো হয় বর্ণিল সাজে।

কোটচাঁদপুরে সাংবাদিকদের সাথে মডেল থানার নবাগত ওসির মতবিনিময়

ঝিনাইদহের কোটচাঁদপুরে কর্মরত সাংবাদিকদের সাথে মডেল থানার নবাগত অফিসার ইনর্চাজ আল-মামুন এর সাথে মতবিনিময় ও পরচিতি সভা

অনুষ্ঠিত হয়েছে। তিনি চাকরি জীবনে বিভিন্ন থানায় ও ঝিনাইদহ ডিএসবির গুরুত্বপূর্ণ দপ্তরের দায়িত্ব পালন করেছেন বলে জানাই।

আজ সোমবার (২৫ সেপ্টেম্বর)সন্ধায় মডেল থানার অফিসার ইনর্চাজের কার্যালয়ে এ সভা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন মানবজমিন প্রতিনিধি নজরুল ইসলাম,কালের কন্ঠ প্রতিনিধি কাজী এনাম আহাম্মদ মৃদুল, য়ায়য়ায়দিন প্রতিনিধি আলমগীর খান, পূর্ব অঞ্চল প্রতিনিধি শেখ ইসমাইল হোসেন, আমার সংবাদ প্রতিনিধি মঈন উদ্দিন খান,দৈনিক বীর জনতা পত্রিকা নিজস্ব প্রতিবেদক আব্দুল্লাহ বাশার, ভোরের দর্পন প্রতিনিধি আনোয়ার জাহিদ জামান, আমাদের সময় প্রতিনিধি আব্দুর রউফ, মাথাভাঙা প্রতিনিধি ফারুক আহমেদ মুকুল, ঢাকা অধিবেশন সবজি আহমদ বকুল,গ্রামের কন্ঠ প্রতিনিধি বাবলু মিয়া,এই আমার দেশ প্রতিনিধি আবুল হাসান, প্রতিদিনের কন্ঠ প্রতিনিধি দেলোয়ার হোসেন প্রমুখ।

এ সময় শুরু হয় উন্মুক্ত আলোচনা। অফিসার ইনর্চাজ কোটচাঁদপুরের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি ও উপজেলা বাসির জান মালের নিরাপত্তা স্বাভাবিক রাখতে সাংবাদিকদের কাছে সহযোগিতা কামনা করেন।

কোটচাঁদপুরে হালদার সম্প্রদায়ের প্রতিবাদ ও সংবাদ সম্মেলন

বাওড়ের রানী মাছ রক্ষায় ও জলে অতিরিক্ত মাত্রায় লবন, চুন সহ অন্যান্য কেমিক্যাল দেয়ার প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছেন,কোটচাঁদপুরের জয়দিয়া বাওড় পাড়ের হালদার সম্প্রদায়ের মানুষেরা। সোমবার দুপুরে স্থানীয় মুক্তি যোদ্ধা কমপ্লেক্সে এ সম্মেলন করেন তারা।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন,কোটচাঁদপুরের জয়দিয়া

মৎস্য জীবি সমবায় সমিতির সিনিয়র সদস্য রশীত হালদার । এ সময় উপস্থিত ছিলেন,সুশান্ত হালদার, দীপেন হালদার ও প্রসেনজিত হালদার।

তিনি বলেন,বাপ দাদার আমল থেকে এ বাওড়ে আমরা মাছ চাষ করে আসছি। আমরা কোনদিন এ বাওড়ে লবন, চুন, কেমিক্যাল ব্যবহার করতে দেখিনি।এ বাওড়ে রয়েছে বিভিন্ন প্রজাতির রানী মাছ। এ সব মাছের মধ্যে টেংকা, শরপুটি, তোড়া পাকাল, কাল বাউস, শল্লা আড়, শল, বেলে, রাম বেলে। এ ছাড়া রয়েছে, কুচে, শুনদি, নুন চিংড়ি, গলদা চিংড়ি। এ সব আহরন করে বাওড় পাড়ের গরীব মানুষেরা জীবিকা নিবাহ করে থাকেন।

এরমধ্যে ১৪ এপ্রিল বাওড়টি স্থানীয় সন্তোস হালদার সরকারের কাছ থেকে ইজারা নিয়ে ভোগ দখল করছেন।

রশীত হালদার অভিযোগ করে বলেন,বাওড়টি পাওয়ার পর থেকে তারা বাওড়ের জল পরিস্কার করার নামে, জলে অতিরিক্ত মাত্রায় লবন, চুনসহ বিভিন্ন কেমিক্যাল ব্যবহার করছেন। এতে করে নস্ট হচ্ছে বাওড়ের রানী মাছ। বাওড় হারাচ্ছে তাঁর পরিবেশের ভারসাম্য।

অন্যদিকে,বাওড় থেকে হারিয়ে যাচ্ছে আমাদের অতি পরিচিত রানী মাছ। যা আর কোন দিন বাওড়ে দেখা যাবে না,সংবাদ সম্মেলনে এমনটাই দাবী করেছেন হালদার সম্প্রদায়েরা মানুষেরা।

লিখিত বক্তব্যে আরো বলেন,বাওড়ের ইজারা হস্তান্তর যোগ্য না। এরপরও সন্তোষ হালদার নিয়ম বহিভূত ভাবে তা হস্তান্তর করেছেন বিজয় হালদারের কাছে। যার ওই সমিতির সদস্য পদটিও নাই। বিজয় হালদার বাওড়টি বুঝে নিয়ে স্থানীয় কিছু প্রভাবশালী মানুষের সাথে করে একটি সিন্ডিকেট তৈরি করেছেন। যাদেরকে নিয়ে ইতোমধ্যে তারা বাওড়ে চাষও শুরু করেছেন।

সংবাদ সম্মেলন,তারা এহেন কাজের সুষ্ট তদন্তের দাবি করেছেন। এ ছাড়া বাওড়ের রানী মাছ রক্ষার দাবী তাদের। আর তীব্র প্রতিবাদ জানিয়েছেন, বাওড়ের জলে অতিরিক্ত মাত্রায় লবন,চুন সহ কেমিক্যাল ব্যবহারের।

এ ব্যাপারে বাওড়ের ইজারা প্রাপ্ত মালিক সন্তোষ হালদার বলেন,এ ব্যাপারে বাওড়ের ইজারা প্রাপ্ত মালিক সন্তোষ হালদার বলেন,রামচন্দ্রপুর মৎস্যজীবি সমবায় সমিতির নামে বাওড়টি ডাকা। তবে এত বড় বাওড় একা চাষ করা সম্ভব না। এ কারনে কয়েক জন মিলে চাষ করা হচ্ছে।

তিনি বলেন, তারা আমার স্বজাতি ভাই। আমার কাছে আসলে, তাদের একটা ব্যবস্থা করে দিতাম,তা না করে,তারা অন্যের কথা মত হাটছে। তারা যে, অভিযোগ করেছেন, সেটা মিথ্যা। চুন,লবন দিলে জলের কোন ক্ষতি হয় না। বরং আরো ভাল হয়।

ঝিনাইদহের শৈলকূপায় দেশীয় অস্ত্রসহ গ্রেফতার ১

ঝিনাইদহের শৈলকূপায় ইমদাদুল মণ্ডল নামের এক ব্যক্তিকে অস্ত্রসহ আটক করে থানায় সোপর্দ করেছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)। পরে মামলা দিয়ে তাকে আদালতে পাঠানো হয়।

গতকাল রবিবার রাতে উপজেলার চরধলহরা গ্রামের বরিয়া প্রাইমারি স্কুলের পাশে থেকে তাকে গ্রেফতার করা হয়। ইমদাদুল উপজেলার চরধলহরা গ্রামের দীবা মণ্ডলের ছেলে।

ঝিনাইদহ র্যাবের কোম্পানি কমাণ্ডার স্কোয়াড্রন লিডার মো. ইসতিয়াক হোসেন জানান, দীর্ঘ দিন ধরে অস্ত্রের ব্যবসাসহ সন্ত্রাসী কার্যকালাপের সাথে জড়িত থাকার অভিযোগে অভিযান চালিয়ে ইমাদুলকে আটক করা হয়েছে। তাকে অস্ত্র আইনের মামলা দিয়ে আদালতে সোপর্দ করা হয়েছে।

ঝিনাইদহে হ্যাকার চক্রের দুই সদস্য আটক

ডিজিটাল প্লাটফর্ম ব্যবহার করে বিকাশ, রকেট, নগদ ও উপায় এর মাধ্যমে ঝিনাইদহ জেলার বিভিন্ন থানা হতে বয়স্কভাতা, বিধবা ভাতা, ছাত্র-ছাত্রীদের উপবৃত্তির টাকা ও কাস্টমার কেয়ারের পরিচয় দিয়ে

ওটিপি হ্যাকিং চক্রের দুই প্রতারককে গ্রেফতার করেছে ঝিনাইদহ সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল।

গ্রেফতারকৃতরা হচ্ছে মাগুরার মোহাম্মদপুর উপজেলার মাধবপুর গ্রামের আলতাফ হোসেনের ছেলে রিকাবুল (২৮) ও একই উপজেলার চরমাধবপুর গ্রামের রফিকুল ইসলামের ছেলে উজ্জল হোসেন (৩৫)।

হরিনাকুন্ডু থানায় একটি প্রতারণা মুলক মামলা দায়ের হলে মাঠে নামে ঝিনাইদহ সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন টিম। তথ্য প্রযুক্তি ব্যবহার করে পুলিশ মাগুরার মোহাম্মদপুর উপজেলা থেকে উল্লেখিত দুই আসামীকে গ্রেফতার করে।

সাইবার ক্রাইম ইনভেস্টিগেশনের অফিসার রবিউল ইসলাম জানান, আসামী রিকাবুল ও উজ্জল হোসেন দেশের বিভিন্ন এলাকায় হোয়াটসঅ্যাপ ও ওটিপি হ্যাক করে বিভিন্ন সরকারি অনুদান, ছাত্র ছাত্রীদের উপবৃত্তির টাকা, বয়স্ক ভাতার টাকাসহ বিভিন্ন ভাবে মানুষের কাছ থেকে অর্থ হাতিয়ে নিতেন। হরিণাকুন্ডু থানায় দায়েরকৃত অভিযোগকারী শেখ মিলনের কাছে থেকে চক্রটি বিকাশ, নগদ, ও রকেটের মাধ্যমে এক লাখ টাকা হাতিয়ে নেয়।

সাইবার ক্রাইম টিমের অন্যতম সদস্য খালিদ হাসান জানান, এই চক্রটি দেশের বিভিন্ন বিকাশ রকেট ও নগদ এজেন্টদের কাছ থেকে কৌশলে তথ্য চুরি করতেন। আসামী রিকাবুল ও উজ্জল ওটিপি হ্যাক করে মানুষের মোবাইল ব্যাংকিংয়ে জমা অর্থ হাতিয়ে নিতেন। গ্রেফতারের সময় আসামিদের কাছ থেকে অপরাধের কাজে ব্যবহৃত ৬ টি মোবাইল ফোন ও ১০ টি সিম উদ্ধার করা হয়।

হরিণাকুণ্ডুতে জুয়ার সরঞ্জামসহ ছয় জোয়ারী আটক

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার চটকাবাড়িয়া এলাকা থেকে ছয় জুয়াড়িকে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ। গতকাল রবিবার সন্ধ্যায় জেলা গোয়েন্দা পুলিশের ওসি শাহীন উদ্দিন বিষয়টি নিশ্চিত করেন।

আটককৃতরা হলেন হরিণাকুণ্ডু উপজেলার দরিবিন্নি গ্রামের মৃত ইউসুফ হোসেন মণ্ডলের ছেলে পারভেজ হোসেন, হরিশপুর গ্রামের মহিউদ্দিন সরকারের ছেলে আজিজুল হক, পার্বতীপুর গ্রামের জাকির হোসেনের ছেলে এরশাদ আলী, জোড়াপুকুরিয়া গ্রামের মৃত তোয়াজ আলী মণ্ডলের ছেলে সামছুল মণ্ডল, সদর উপজেলার পবহাটি গ্রামের মৃত রুহুল আমিনের ছেলে গোলাম আযম ও কুষ্টিয়ার ঝাউদিয়া গ্রামের আব্দুল ওহাবের ছেলে সানোয়ার হোসেন।

ঝিনাইদহ জেলা গোয়েন্দা পুলিশের ওসি শাহীন উদ্দিন জানান, গোপন সংবাদের ভিত্তিতে রবিবার বিকালে আমাদের একটি আভিযানিক দল হরিণাকুণ্ডু উপজেলার চটকাবাড়িয়া এলাকায় অভিযান চালায়। অভিযানে জুয়া খেলা অবস্থায় ৬ জন জুয়াড়িকে আটক করা হয়।

এসময় তাদের কাছ থেকে নগদ বিশ হাজার ৪৩০ টাকাসহ জুয়া খেলার সরঞ্জামাদি উদ্ধার করা হয়। আটককৃতদের বিরুদ্ধে থানায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে।